ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

**<u>স-৩১৩৮</u>**

আগরতলা,৮ অক্টোবর,২০২৫

**আগামীকাল জম্পুইজলায় নবনির্মিত ৪৮০ আসনের একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী**

আগামীকাল ৯ অক্টোবর মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা জম্পুইজলায় নবনির্মিত ৪৮০ আসনের একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা, বিধায়ক মানব দেববর্মা, জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ড. কে. শশীকুমার, সিপাহীজলা জেলার জেলাশাসক ড. সিদ্ধার্থ শিব জয়সওয়াল এবং জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস।

কেন্দ্রীয় সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রণালয় ২০১৮-১৯ অর্থবছরে জম্পুইজলায় ৪৮০ আসনের একলব্য মডেল আবাসিক বিদ্যালয় নির্মাণের জন্য অনুমোদন প্রদান করে। বিদ্যালয় নির্মাণের দায়িত্ব ত্রিপুরা হাউজিং অ্যান্ড কনস্ট্রাকশন বোর্ডকে প্রদান করা হয়। এই বিদ্যালয়টি নির্মাণে ২৮.৫৪ কোটি টাকা ব্যয় হয়েছে। জম্পুইজলা একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের নির্মিত উপাদানসমূহের মধ্যে রয়েছে ২টি রান্নাঘর ও ডাইনিং হল, হোস্টেল সুপারিনটেনডেন্ট কোয়ার্টার, প্রধান শিক্ষকের কোয়ার্টার, টাইপ-III কোয়ার্টার ১৫টি, টাইপ-II কোয়ার্টার ১০টি। জনজাতি কল্যাণ দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****